গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

০১. **প্রকল্পের নাম** : **ঢাকা ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন (২য় সংশোধিত)**

০২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার বিভাগ

০৩ **বাস্তবায়নকারী সংস্থা** : ঢাকা ওয়াসা

০৪. **প্রকল্প এলাকা** : ঢাকা উত্তর এবং দক্ষিণ সিটি কর্পোরেশন

০৫. **প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল (কোটি টাকায়)** :

ডিপিপি	বাস্তবায়নকাল	প্রকল্প ব্যয় (কোটি টাকায়)
মূল	নভেম্বর ২০০৮ হতে জুন ২০১৩	১১৬০.১৭
সংশোধিত (১ম)	নভেম্বর ২০০৮ হতে ডিসেম্বর ২০১৫	৬৪৪.২২
সংশোধিত (২য়)	নভেম্বর ২০০৮ হতে জুন ২০১৬	৫৯৯.২০

০৭. **প্রকল্পের উদ্দেশ্য:**

- কিছু নিদিষ্ট এলাকার স্টর্ম ওয়াটার ড্রেনেজ ব্যবস্থাপনার উন্নয়ন;
- ভবিষ্যতে বিনিয়োগের জন্য পয়ঃনিষ্কাশন খাতে ঢাকা ওয়াসার পরিকল্পনা দক্ষতা বৃদ্ধি; ও
- শহরের দরিদ্র জনগোষ্ঠীর জন্য উন্নত পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন সেবা নিশ্চিতকরণ।

০৮. **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- স্টর্ম ওয়াটার পাম্পিং স্টেশন স্থাপন-২টি;
- স্টর্ম ওয়াটার ড্রেন পরিষ্কার করার ইক্যুইপমেন্ট ক্রয়;
- খাল পুনর্বাসন-১৩টি;
- শহরের নিম্ন আয়ের জনগোষ্ঠির জন্য নির্ধারিত বস্তিতে পানি সরবরাহজ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নত সেবা নিশ্চিত করা; এবং
- রাজধানী বাসীর কাছে ঢাকা ওয়াসার উন্নত সেবা নিশ্চিত করার লক্ষ্যে ঢাকা ওয়াসার ৩টি জোনাল অফিসের আধুনিকায়ন করা; এবং
- ভূমি অধিগ্রহণ-১.৪৫ হেক্টর

১০. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR):

১০.১ প্রকল্পের বিবরণ (প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, অর্থায়ন, ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য) পর্যালোচনা;

১০.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১০.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) প্রাতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয়। ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

১০.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদির পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ ToR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা সে বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করতে হবে)

১০.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৮ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধ সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৯ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

১০.১১ প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা এবং পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

১০.১২ প্রকল্পের SWOT বিশ্লেষণ;

১০.১৩ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

১০.১৪ প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং

১০.১৬ কর্তৃপক্ষ (আইএমইডি) কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াদি।

১০.১৫ প্রকল্পে [illegible] সে বিষয়ে [illegible] প্রদান;

১১. ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র:	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	ফার্ম	-	• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ১(এক) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	• সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রী • সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/পিএইচডি/ উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • কমপক্ষে ১টি পরিবীক্ষণ এবং মূল্যায়ন স্ট্যাডির অভিজ্ঞতা থাকতে হবে। অতিরিক্ত অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে; • ওয়াটার সাপ্লাই ও স্যানিটেশন/পাবলিক হেলথ সেক্টরে কাজের অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)সহ ই-জিপি-এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা; • কম্পিউটারের কাজে দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	• সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি • সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/পিএইচডি/ উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • পরিবীক্ষণ এবং মূল্যায়ন স্ট্যাডির অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে; • পানির গুণগতমান পরিবীক্ষণ কাজের অভিজ্ঞতা থাকতে হবে; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)সহ ই-জিপি-এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা; • কম্পিউটারের কাজে দক্ষতা।
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	• সামাজিক বিজ্ঞান/ অর্থনীতি / সমাজবিজ্ঞান/ ডেপেলপমেন্ট স্টাডিজ বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• আর্থ-সামাজিক গবেষণা সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	• পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সার্ভে, গবেষণা ও ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; • SPSSসহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা থাকা বাঞ্ছনীয়।

১২. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজিতে)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	

১৩. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি, আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।